



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, 713130, India

Ref:

Date- 27.6.2022

বিজ্ঞপ্তি

সেমেস্টার - ৪ পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

১. ২০২২ সালের সেমেস্টার ৪ র চূড়ান্ত পরীক্ষা নির্দিষ্ট দিন ও সময়সারণী অনুযায়ী অনলাইন মোডে হবে। পরীক্ষার্থীরা ঘরে বসে কলেজ ও বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট এর মাধ্যমে প্রশ্নপত্র দেখতে পারবে, উত্তর লিখবে এবং নির্দিষ্ট ই-মেল আইডিতে উত্তরপত্র পাঠাবে।

২. প্রত্যেক পরীক্ষার্থীর সাধারণভাবে নিজস্ব ই-মেল আইডি ব্যবহার করা বাঞ্ছনীয় যেটা থেকে নির্দিষ্ট ইমেল আইডিতে তারা উত্তরপত্র প্রেরণ করবে।

৩. বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে পরীক্ষার্থীদের নিজস্ব অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। পরীক্ষার্থীর নামে অ্যাডমিট কার্ড না থাকলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে ও তার সেই পরীক্ষার কোন ফলপ্রকাশ হবে না। পরীক্ষার্থীরা কেবলমাত্র সেই বিষয়ে পরীক্ষা দিতে পারবে যা তাদের অ্যাডমিট কার্ডে উল্লিখিত আছে। অনুল্লিখিত কোন পত্র বা বিষয়ে পরীক্ষা দিলে তা বাতিল গন্য করা হবে।

৪. উত্তরপত্রের প্রথম পাতা বিশ্ববিদ্যালয় ও কলেজ ওয়েবসাইটে উপলব্ধ হবে, তার প্রিন্ট - আউট/ফটোকপি প্রতিটি পত্রের উত্তরের প্রথম পাতা হিসাবে ব্যবহার করতে হবে। পরীক্ষার্থীর রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, কোর্স/পত্র ও বিষয় অত্যন্ত সাবধানতার সঙ্গে নির্ভুলভাবে পূরণ করতে হবে। প্রথম পাতা সম্পূর্ণভাবে পূরণ করা না থাকলে উত্তরপত্র অসম্পূর্ণ ধরে নিয়ে তাকে বাতিল করা হবে।

৫. পরীক্ষার্থীদের নিজের হাতে লেখা উত্তরপত্র একটি PDF FILE বানিয়ে সেটিকে নির্ধারিত ই-মেল আইডিতে নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠাতে হবে। PDF এ প্রথমেই সামনের পাতা ও তারপর পৃষ্ঠা গুলো ক্রমানুযায়ী সাজানো থাকবে। অক্ষ - বিকলাঙ্গ পরীক্ষার্থীরা কলেজের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের কাছে অনুলেখকের জন্য অনুমতি নিতে পারে। উত্তরপত্র পাঠানোর সময়ে সঠিক ই-মেল আইডি টাইপ করার সময় অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। পরীক্ষার্থীরা পরীক্ষার নির্দিষ্ট সময়ের পূর্বে আধ ঘন্টা সময় পাবে প্রশ্নপত্র ডাউনলোড করার জন্য এবং পরীক্ষার পর আধ ঘন্টা পাবে উত্তর পত্রের PDF FILE বানানো ও তা পাঠানোর জন্য। বিগত পরীক্ষার অভিজ্ঞতায় দেখা গেছে যে শুধুমাত্র ইমেল আইডি ভুল টাইপ করার জন্য উত্তরপত্র কলেজ নির্ধারিত ইমেল আইডিতে পৌঁছায়নি। ইমেল পাঠানোর পর Sent Box চেক করে দেখে নিতে হবে।

৬. উত্তর পত্রের প্রতি পাতায় পৃষ্ঠা সংখ্যা উল্লেখ করতে হবে। সেগুলিকে ক্রমানুযায়ী সাজিয়ে স্ক্যান / ছবি করে একটি PDF FILE তৈরী করতে হবে। PDF Documents এর নাম হবে পরীক্ষার্থীর ROLL NO এবং সেটিকে Mail Attachment রূপে নির্দিষ্ট মেল আইডিতে পাঠাতে হবে। মেল এর Subject হিসাবে পরীক্ষার্থীর ROLL NO লিখতে হবে। যারা উত্তরপত্র অনলাইন সাবমিট করতে ব্যর্থ হবে কেবলমাত্র তারা উপযুক্ত প্রমাণ দেখিয়ে এবং অ্যাডমিট কার্ড দেখিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে কলেজে এসে খাতা জমা দিতে পারবে।

৭. পরীক্ষার পবিত্রতা রক্ষা এবং নিয়মপালন সংক্রান্ত প্রতিশ্রুতিহিসাবে পরীক্ষার্থীদের প্রথম পাতায় স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র প্রেরণের মেল এর Screenshot পরীক্ষার্থীদের রাখতে হবে। যান্ত্রিক কারণে মেল পরে পৌঁছলে প্রেরণের সঠিক সময়ের প্রমাণ হিসাবে ঐ Screenshot কাজ করবে।

৮. পরীক্ষার্থীরা ঘরে বসে পরীক্ষা দিলেও যদি পরীক্ষা ব্যবস্থার পবিত্রতা ভঙ্গ হয় তবে পরীক্ষকের প্রতিবেদন এর ভিত্তিতে পরীক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে।

৯. সকল পরীক্ষার্থীদের কেবলমাত্র ইমেল দ্বারাই উত্তরপত্র প্রেরণ করতে হবে। যদি বারবার চেষ্টার পরও ইমেল প্রেরণে সফল না হয় শুধুমাত্র সেই পরিস্থিতিতেই পরীক্ষার্থী

কলেজে খাতা জমা দিতে পারবে ইমেল প্রেরণে ব্যর্থতার কারণ দর্শানো ও তার স্বপক্ষে উপযুক্ত প্রমাণ দেখানোর পর। সেক্ষেত্রে পরীক্ষার্থীকে অবশ্যই অ্যাডমিট কার্ড ও ঐ অ্যানড্রয়েড মোবাইলটি সঙ্গে আনতে হবে। অ্যাডমিট কার্ড ছাড়া কোন পরীক্ষার্থীর খাতা কলেজে নেওয়া হবে না এবং নির্দিষ্ট সময়ের মধ্যেই (পরীক্ষা সমাপ্তির আধঘন্টার মধ্যে) জমা দিতে হবে। খাতা জমা দেওয়ার পর “**Answer Scripts Received Copy**” নির্দিষ্ট জায়গা থেকে সংগ্রহ করতে হবে। আধঘন্টার পর কলেজ প্রাঙ্গণে কোনো পরীক্ষার্থীকে প্রবেশ করতে দেওয়া হবে না। যদি এই সময়ের মধ্যে উত্তরপত্র ইমেল এর মাধ্যমে অথবা সশরীরে কলেজে জমা না পড়ে তাহলে সেই পরীক্ষার্থীকে অনুপস্থিত হিসাবে (ABSENT) গন্য করা হবে।

 নিরঞ্জন সরকার

অধ্যক্ষ

কাটোয়া কলেজ